# ২০২৫

## বাংলা — সাম্মানিক

**পত্র : DSCC-3**

**[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)]**

**পূর্ণমান - ৭৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা গদ্য ও প্রবন্ধ সাহিত্য চর্চার সূচনাপর্বে রাজা রামমোহন রায়ের অবদান পর্যালোচনা করো। ১৫

*অথবা*

(খ) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে প্যারীচাঁদ মিত্র এবং কালীপ্রসন্ন সিংহ এক নতুন রীতির সন্ধান দিয়েছিলেন।— মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৫

২। (ক) বাংলা গীতিকবিতার 'ভোরের পাখি' হিসেবে বিহারীলাল চক্রবর্তীর কবি-প্রতিভার সম্যক পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব বিচার করো। ১৫

৩। (ক) ছোটগল্পকার হিসাবে রবীন্দ্রনাথের কৃতিত্বের মূল্যায়ন করো। ১৫

*অথবা*

(খ) প্রাচীন ও নবীনের দ্বন্দ্ব তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে কীভাবে জায়গা করে নিয়েছে তা উপযুক্ত দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও। ১৫

৪। ***যে-কোনো একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) বীরবলী গদ্য

(খ) চারুপাঠ।

৫। ***যে-কোনো একটি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) অগ্নিবীণা

(খ) নীলদর্পণ।

৬। *যে-কোনো একটি* বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫×১

(ক) ঘরে-বাইরে

(খ) মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পে দুর্ভিক্ষের প্রতিফলন।

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'দিক্‌দর্শন' সাময়িকপত্রের সম্পাদক কে ছিলেন?

(খ) 'অতি অল্প হইল' কার রচনা?

(গ) 'আনন্দমঠ' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(ঘ) 'সাতটি তারার তিমির' কার লেখা?

(ঙ) 'সাহিত্যের পথে' ও 'সাহিত্যের স্বরূপ' গ্রন্থদুটি কার রচনা?

(চ) 'যুগসন্ধির কবি' কাকে বলা হয়?

(ছ) 'একেই কি বলে সভ্যতা' কী জাতীয় রচনা?

(জ) 'কাল মধুমাস' কাব্যগ্রন্থটি কার লেখা?

(ঝ) বিজন ভট্টাচার্য রচিত প্রথম নাটকটির নাম কী?

(ঞ) 'মহেশ' গল্পের লেখক কে?

(ট) 'পদ্মিনী উপাখ্যান' কত সালে প্রকাশিত হয়?

(ঠ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা একটি কিশোর-উপন্যাসের নাম লেখো।

(ড) 'শেষের কবিতা' কী জাতীয় রচনা?

(ঢ) 'চোরাবালি' কাব্যগ্রন্থটি কার লেখা?

(ণ) 'কমলাকান্তের দপ্তর' কবে গ্রন্থাকারে প্রথম প্রকাশিত হয়?